

Series : RKM/1

Code No. 7/1

Roll No.

--	--	--	--	--	--	--	--

Candidates must write the code on the title page of the answer-book.

- Please check that this question paper contains 4 printed pages.
- Code number given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains 16 questions.
- Please write down the Serial Number of the question before attempting it.

BENGALI

বাংলা

Time allowed : 3 hours]

[Maximum marks : 100

সময় : 3 ঘন্টা

সর্বমোট অঙ্ক : 100

SECTION-A

1. ব্যন্জজন সন্ধি কাকে বলে ? দুটি উদাহরণ দাও । 5

অথবা

সন্ধি বিচ্ছেদ কর (যে কোন পাঁচটি) :

উচ্ছ্বল, ক্ষম্বিত্তি, সচ্চরিত্র, ম্ন্য়, ততোধিক, দুশ্চিত্তা, কুচ্ছিত্ত, কাঁচকলা

2. অব্যয়ীভাব সমাস কাকে বলে ? দুটি উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও । 5

অথবা

ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় কর :

প্রতিমূর্তি, সুখদুঃখ, গরমিল, মুখচন্দ্র, নয়নপদ্ম, মহর্ষি

3. নির্দেশ অনুযায়ী বাক্য পরিবর্তন কর (দুটি) : 5

(ক) যদি বৃষ্টি হয় তবে খেলতে যাব না ।

(জটিল থেকে সরল)

- (খ) সাবধানে চল নতুবা এ অবস্থা তোমারও হতে পারে ।
(যৌগিক থেকে সরল)
- (গ) মাছ পড়িলে খবর আসে ।
(সরল থেকে জটিল)
- (ঘ) ওকে ছেড়ে দিলে খেলনা দেব ।
(সরল থেকে যৌগিক)
4. সাধুভাষায় লেখা গদ্যাংশটিকে চলিত ভাষায় লেখ : 5
আমরা শুনিয়াছি, কামরূপ কামাখ্যার নারীসকল জাদু জানিতেন । তাঁহারা নাকি পুরুষদিগকে ভেড়া করিয়া দিতেন । ইহা সকল সত্য নাকি ? সত্যই ! পুরুষদিগকে ভেড়া করিয়া দিবার অর্থ পুরুষ দিগকে বশে রাখা । বুঝা যায়, ওই দেশে নারী পুরুষের অধীন নহে; বরং পুরুষ নারীগণের অধীন ছিলেন ।
5. প্রয়োজন স্থলে বিরামচিহ্ন বসাত : 5
মিনিট খানেক চেয়ে থাকার পর মামা গম্ভীর হয়ে বললেন গুড মর্নিং স্যার বংশী এবার হাসল বলল বাবার নাম কি বাবার নাম ফকির মনডিয়াল বলে মামা একটু মাথা কাত করলেন বংশী বলল ওটা কি করলে খেলা দেখাচ্ছে নাকি না স্যার আমার মাথার ঘিলুর সাইড চেন্ডর করলাম ।
6. যে কোন পাঁচটির অশুদ্ধি সংশোধন কর : 5
মিমাংসা, শারীরিক, বীণাপানী, উচিৎ, ঐক্যতা, কৌতুহল, উনবিংশ, ময়ূর ।
7. নীচে লেখা শব্দগুচ্ছের মধ্যে যে কোন দুটির ভিন্ন ভিন্ন অর্থে প্রয়োগ দেখাত : 5
(ক) চোখ
(খ) √ধর
(গ) √মার
(ঘ) ছোট
(ঙ) কথা
8. নিম্নলিখিত কোন একটি বিষয় অবলম্বন করে 150 শব্দের মধ্যে একটি অনুচ্ছেদ রচনা কর : 8
(ক) একটি স্মরণীয় দিন
(খ) জাতীয় ঐক্য
(গ) যুদ্ধ নয়, শান্তি চাই
(ঘ) আমাদের সমাজের মেয়েরা

9. উদ্ধৃত সূত্র অবলম্বন করে 100 শব্দের মধ্যে একটি গল্প লেখ । গল্পের শিরোনাম দাও । 5
দুর্যোগের রাত । ঘন ঘন বিদ্যুৎ চমকাচ্ছে । লোডশেডিং । ভাবছি ঝালমুড়ি বা ভূতের গল্প নিয়ে বসব ।
মা বললেন, বাড়ির কাজের মেয়েটির জন্য ওষুধ আনতে হবে ...

10. নীচের গদ্যাংশটি ভাল করে পড়ে প্রশ্নগুলির উত্তর দাও : 6
1876 সালে কলকাতায় ‘হিন্দুমেলার’ র ডাক ওঠে । জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর ছিলেন উদ্যোক্তাদের একজন ।
তাঁর গান, তাঁর নাটক সেকালে বাঙালীর মনে দেশাত্মবোধ জাগিয়ে তুলেছিলেন । ‘ পুরুবিক্রম ’ তাঁর প্রথম
নাটক । ‘সরোজিনী’ নাটকটিও জনপ্রিয় হয়েছিল । 1879এ প্রকাশ পেয়েছিল তাঁর ‘অশ্রমতী’ নাটকটি ।
প্রাচীন ভারতের গৌরবকে আরেকবার জাগিয়ে তেলাই ছিল তাঁর লক্ষ্য ।
(ক) কোন সালে কলকাতায় ‘হিন্দুমেলার’ ডাক ওঠে ?
(খ) কে উদ্যোক্তাদের একজন ?
(গ) তাঁর গান আর নাটক সেকালে কি জাগিয়ে তুলেছিল ?

11. সম্প্রতি তোমার এলাকায় অবৈধ নির্মাণ (unauthorised construction) ভাঙার কাজ চলেছে । এ বিষয়ে
তোমার মতামত জানিয়ে বন্ধুকে একটি চিঠি লেখ । 6

অথবা

বাড়িতে বিশেষ কাজ পড়ে যাওয়াতে তুমি তিনদিন স্কুলে যেতে পারোনি । স্কুলের প্রধান শিক্ষককে এ কথা
জানিয়ে তিনদিনের ছুটির জন্য একটি আবেদন পত্র লেখ ।

SECTION-B

12. ‘পদ্মানদীর মাঝি’ গদ্যাংশে বর্ণিত জেলেদের জীবনের যে ছবিটি পাওয়া যায় তার পরিচয় দাও । 13
অথবা
‘দেনাপাওনা’ গল্পটি আলোচনা করে দেখাও যে ‘দেনাপাওনা’ নামটি গল্পের পক্ষে কতটা যথার্থ হয়েছে ।

13. প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা লেখ : 5
এই নয়শত নিরানব্বই জনের শ্রীবৃদ্ধি না দেখিলে আমি কাহারো জয়গান করিব না ।
অথবা
...দয়ার সাগর ! পরকে সেজে দিই নিজে খাইনে ! মিথ্যাবাদী কোথাকার !

14. ‘অন্নপূর্ণা ও ঈশ্বরী পাটনী’ কবিতার সারাংশ বুঝিয়ে লেখ । 7
অথবা
‘ছাত্রধারা’ কবিতার রচয়িতা কে ? ছাত্রধারা বলতে কবি কী বুঝিয়েছেন ? কবির স্মৃতিপটে যে ছাত্র-ধারা বয়ে
চলেছে, তার পরিচয় দাও ।

15. প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা লেখ :

5

রক্তে ছোপান অশ্রুতে ভেজা

পুরাতন যত খাতা,

সব জঞ্জাল আজিকে, হ'লেও

রঙীন সুতায় গাঁথা !

অথবা

অসহায় জাতি মরিছে ডুবিয়া জানেনা সন্তরণ,

কান্ডারী ! আজ দেখিব তোমার মাতৃমুক্তি পণ !

“হিন্দু না ওরা মুসলিম ?” ওই জিজ্ঞাসে কোন্ জন ?

কান্ডারী ! বলো, ডুবিছে মানুষ, সন্তান মোর মা'র !

16. ‘রাজকাহিনী’ গ্রন্থের অন্তর্ভুক্ত ‘গোহ’ অধ্যায় অবলম্বনে রাণী পুষ্পবতীর কাহিনীটি বিবৃত কর ।

10

অথবা

‘আর সেই বারো-হাজার সতী-লক্ষ্মীর পবিত্র নাম, বারো হাজার রাজপুত-বীরের কীর্তি চিরদিনের জন্যে, জগত-সংসারে ধন্য হয়ে রইল । ’ – ‘পদ্মিনী’ অধ্যায়ের এই সতী-লক্ষ্মীরা কারা ? কেনই বা তাঁদের নাম জগত-সংসারে ধন্য হয়ে রইল, তা সংক্ষেপে লেখ ।